

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৮৭০০.০১৭.২৭.০০১.১৬. ২০২২


তারিখ : ০৭ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ।  
২১ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ।

বিষয় : সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার ৬নং সোনাবাড়িয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মনিরুল ইসলাম এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, সাতক্ষীরা কার্যালয়ের স্মারক নং-৭৫৯, তারিখ : ১২/১২/১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার সোনাবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মনিরুল ইসলাম কর্তৃক আত্মহত্যায় প্ররোচনা দেয়া সংক্রান্ত ফৌজদারী মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে অন্তরীন থাকায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) এর অপরাধে দোষী সাব্যস্ত করে একই আইনের ধারা ৩৪(১) এর ক্ষমতাবলে তার স্থায় পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

০২। এক্ষণে, ফৌজদারী মামলার আসামী হিসেবে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) মোতাবেক কেন উল্লিখিত চেয়ারম্যানকে সোনাবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ মনিরুল ইসলাম  
চেয়ারম্যান  
সোনাবাড়িয়া ইউনিয়ন পরিষদ  
কলারোয়া, সাতক্ষীরা।

অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক, সাতক্ষীরা (উল্লিখিত চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক চেয়ারম্যানের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।